# এক নজরে চিকনাগুল ইউনিয়ন পরিষদ

সিলেট জেলার জৈন্তাপুর উপজেলা শেষ প্রান্তে পূর্বে কানাইঘাট উপজেলার ৯নং রাজাগঞ্জ ইউনিয়নের ও গোলাপগঞ্জ উপজেলা ১নং বাঘা ইউনিয়নের সীমারেখা, পশ্চিমে সিলেট সদর উপজেলার ৩নং খাদিমনগর ইউনিয়নের সীমা রেখা, উত্তরে গোয়াইনঘাট উপজেলার ৪নং ফতেহপুর ইউনিয়নের সীমা রেখা ও দক্ষিণে সিলেট সদর উপজেলার ৪নং খাদিমপাড়া ইউনিয়নের সীমা রেখা বিদ্যমান।

চিকনাগুল ইউনিয়ন পরিষদের আয়তন: 32.19 বর্গ কিলোমিটার এবং সর্বশেষ শুমারী অনুযায়ী জনসংখ্যা: 24550জন।

ভৌগলিকভাবে চিকনাগুল ইউনিয়ন পরিষদ প্রকৃতির এক নৈস্বর্গীক স্থানে অবস্থিত যার ভূগর্ভে রয়েছে মূল্যবান খনিজ সম্পদ প্রাকৃতিক গ্যাস।যে গ্যাস ক্ষেত্র হতে ১৯৫৫ সালে পাকিস্তান পেট্রোলিয়াম কর্তৃক সিলেট জেলার হরিপুরে গ্যাস ক্ষেত্র অবিস্কারের সাথে শুরু হয়।১৯৬০ সালে সিলেট গ্যাস ক্ষেত্র ছাতক সিমেন্ট কারখানার গ্যাস সরবরাহের জন্য উৎপাদন শুরু করে।৮ মে ১৯৮২ সালে কোম্পানি আইন ১৯১৩-এর আওতায়"সিলেট গ্যাস ফিল্ডস লিমিটেড" কোম্পানি হিসেবে নিবন্ধিত হয় ও যাত্রা শুরু করে।১৯৮৬ সালের ২৩ ডিসেম্বর, কোম্পানিটি হরিপুরের ৭ নং কূপে বাংলাদেশের প্রথম তেল ক্ষেত্রটি আবিষ্কার করে।কোম্পানিটি সিলেট বিভাগের ৫ টি গ্যাসক্ষেত্রের জন্য দায়িত্বপ্রাপ্ত।১ আগস্ট ২০০৯ সালে, কোম্পানিটি একটি কনডেনসেট প্লান্ট চালু করে।

কোম্পানিটি আগস্ট ২০১৭ সালে এর কনডেনসেট প্ল্যান্টটি আরও বিকাশের জন্য ইন্দোনেশিয়ার পিটি ইস্তানা করং লাউট এবং এনার্জিপ্যাক পাওয়ার জেনারেশন লিমিটেডের সাথে একটি চুক্তি স্বাক্ষর করে।

চিকনাগুল ইউনিয়ন পরিষদের দক্ষিনে সিলেট সেনানিবাস এর অবস্থান যার কারণে এই জনপদের মানুষ সুশৃঙ্খল ও আইন কানুন মেনে জীবন ধারণে সর্বাত্মক চেষ্টা অব্যাহত রাখেন।